গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বুড়িচং, কুমিল্লা
www.burichang.comilla.gov.bd

স্মারক নম্বরঃ ০৫.৪২.১৯১৮.০০০.৩১.০০৫.২৩- ১০৫ তারিখঃ ০৫.০২.২০২৩ খ্রি.

## সিএনজি স্ট্যান্ড ইজারা প্রদান দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, বুড়িচং উপজেলা পরিষদের জানুয়ারি/২০২৩ মাসে অনুষ্ঠিত সাধারণ সভার সিদ্ধান্ত মোতাবেক এ উপজেলাধীন নিম্নবর্ণিত সিএনজি/পিকআপ স্ট্যান্ডসমূহ ১৪৩০ বঙ্গাব্দের জন্য নির্ধারিত ফরমে ইচ্ছুক দরদাতাগণের নিকট হতে নিম্নলিখিত সময়সূচি ও শর্ত সাপেক্ষে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

০২। ইজারা গ্রহণে আগ্রহী/ইচ্ছুক ব্যক্তিগণ নিম্নলিখিত স্থান/কার্যালয় হতে নিম্নলিখিত সময়সূচি মোতাবেক দরপত্রের সিডিউল ক্রয় (অফেরতযোগ্য) ও দরপত্র দাখিল করতে পারবেন।

**দরপত্রের সিডিউল ক্রয়ের স্থানঃ**

ক) জেলাপ্রশাসকের কার্যালয়, কুমিল্লা।
খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বুড়িচং, কুমিল্লা।
গ) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, বুড়িচং, কুমিল্লা।
ঘ) বুড়িচং থানা, কুমিল্লা।
ঙ) ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, বুড়িচং শাখা, কুমিল্লা।

**দরপত্র দাখিলের স্থানঃ**

ক) জেলাপ্রশাসকের কার্যালয়, কুমিল্লা।
খ) পুলিশ সুপারের কার্যালয়, কুমিল্লা।
গ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বুড়িচং, কুমিল্লা।
ঘ) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, বুড়িচং, কুমিল্লা।

**সময়সূচিঃ**

| পর্যায় | সিডিউল বিক্রয়ের তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার সময় |
|---|---|---|---|
| ১ম | ২২.০২.২০২৩ খ্রি. পর্যন্ত অফিস চলাকালীন সময় | ২৩.০২.২০২৩ খ্রি. সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত | দরপত্র দাখিলের দিনই বিকাল ০৩.০০ ঘটিকার সময় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা ও বাছাই করা হবে। |
| ২য় | ২৭.০২.২০২৩ খ্রি. পর্যন্ত অফিস চলাকালীন সময় | ২৮.০২.২০২৩ খ্রি. সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত | |
| ৩য় | ০৫.০৩.২০২৩ খ্রি. পর্যন্ত অফিস চলাকালীন সময় | ০৬.০৩.২০২৩ খ্রি. সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত | |

উপরে উল্লিখিত প্রতি পর্যায়ের পর দরপত্র যাচাই বাছাই কার্যক্রম সম্পন্ন করে সিএনজি/পিকআপ স্ট্যান্ডসমূহ ইজারা প্রদান করা হবে। প্রতি পর্যায়ের শেষে যে সকল সিএনজি/পিকআপ স্ট্যান্ড ইজারা প্রদান করা সম্ভব হবে না (নিম্নস্বাক্ষরকারীর অফিস ও নোটিশ বোর্ডের মাধ্যমে জানা যাবে) সে সকল সিএনজি/পিকআপ স্ট্যান্ড ইজারার ক্ষেত্রে পরবর্তী পর্যায়ে দরপত্র গ্রহণ করা হবে। এ ব্যাপারে বিস্তারিত তথ্যাদি অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হইতে জানা যাবে।

৩। কুমিল্লা জেলার বুড়িচং উপজেলার সিএনজি/পিকআপ স্ট্যান্ডসমূহের ১৪৩০ বাংলা সনে দরপত্রের মূল্য ও স্ট্যান্ডের কাঙ্খিত মূল্যের তালিকা নিম্নরূপঃ

| ক্রম | সিএনজি/পিকআপ স্ট্যান্ডের নাম | সরকারি মূল্য | সিডিউলের মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | শংকুচাইল সিএনজি স্ট্যান্ড | ৮,৭১,৩৫৫/- | ২৪০০/- | |
| ২. | বারেশ্বর সিএনজি স্ট্যান্ড | ২,৯৯,৪৫০/- | ১,২০০/- | |
| ৩. | ফকির বাজার সংলগ্ন সিএনজি স্ট্যান্ড | ৭,০৮,৯৮১/- | ২,২০০/- | |
| ৪. | রাজাপুর রেল স্টেশন সংলগ্ন সিএনজি স্ট্যান্ড | ৫৯,৬৮,০৯৫/- | ১২,৬০০/- | |
| ৫. | কালিকাপুর সিএনজি স্ট্যান্ড | | | |
| ৬. | বুড়িচং সদর সিএনজি স্ট্যান্ড | | | |
| ৭. | গোবিন্দপুর সিএনজি স্ট্যান্ড | | | |
| ৮. | সাদকপুর সিএনজি স্ট্যান্ড | | | |
| ৯. | ভরাসার সিএনজি স্ট্যান্ড | ১৮,১০,১৯২/- | ৪,৪০০/- | |
| ১০. | রামপুর সিএনজি স্ট্যান্ড | ৪,৩৩,৫৪০/- | ১,৬০০/- | |
| ১১. | কাবিলা সিএনজি স্ট্যান্ড | ১,৯৯,৩৬৮/- | ১,০০০/- | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২. | নিমসার সিএনজি স্ট্যান্ড | ১৮,৮৪,২৭৭/- | ৪,৪০০/- | |
| ১৩. | নিমসার পিকআপ স্ট্যান্ড | ৫১,৯৬,০৬৭/- | ১১,০০০/- | |
| ১৪. | আবিদপুর সিএনজি স্ট্যান্ড | ৯৬,৩৬৩/- | ৫০০/- | |
| ১৫. | কংশনগর সিএনজি স্ট্যান্ড | ২২,২৭,৭৬৭/- | ৫,২০০/- | |

**১৪৩০ বাংলা সনের সিএনজি/পিকআপ স্ট্যান্ড ইজারার শর্তাবলীঃ**

১। বাংলা ১৪৩০ সনের ৩০শে চৈত্র পর্যন্ত মেয়াদকালীন সময়ের জন্য সিএনজি/পিকআপ স্ট্যান্ড ইজারা দেওয়া হবে।

২। **দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের সম্পূর্ণ (১০০%) অর্থের সাথে দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর ও ১৫% ভ্যাটসহ অর্থাৎ (১০০+১০+১৫=১২৫%) অর্থ যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, বুড়িচং, কুমিল্লা এর অনুকূলে জমা দিতে হইবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।**

৩। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট সিএনজি/পিকআপ স্ট্যান্ড এর সরকারি মূল্যের কম হয় তাহা হইলে পুনরায় দরপত্র আহবান করা হইবে।

৪। এক সিএনজি/পিকআপ স্ট্যান্ডের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক সিএনজি/পিকআপ স্ট্যান্ডের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাইবে না। **দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হইবে না।** এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত সিএনজি/পিকআপ স্ট্যান্ড এর দরপত্র হিসেবে ব্যবহার করা যাইবে না।

৫। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও স্ট্যান্ডের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

৬। সিএনজি স্ট্যান্ডে ট্রাক ও পিকআপ হতে কোন ধরনের টোল আদায় করা যাবে না। পিকআপ স্ট্যান্ডে সিএনজি হতে টোল আদায় করা যাবে না।

৭। ইজারাদার কর্তৃক স্ট্যান্ড পরিচ্ছন্ন রাখার ব্যর্থতা, দৃশ্যমান স্থানে টোল আদায়ের রেইট টাঙ্গানোতে ব্যর্থতা এবং নির্ধারিত রেইটের চাইতে বেশি টোল আদায় করা হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ইজারা চুক্তি বাতিল করতে পারবেন।

৮। ইজারাদার নির্ধারিত চার্ট অনুযায়ী টোল আদায় করবেন এবং স্ট্যান্ডসমূহে টোল আদায়ের তালিকা সংশ্লিষ্ট স্ট্যান্ডের প্রকাশ্য স্থানে টাঙ্গাইতে হবে। এর ব্যতিক্রম হলে ইজারা বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৯। শর্তাবলীতে যাহাই থাকুক না কেন সর্বোপরি সরকারি নীতিমালার সাথে সমন্বয় রেখে (যতদূর সম্ভব) উপজেলা পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী ইজারা কার্যক্রম সম্পাদিত হবে এবং সর্বাবস্থায় ইজারা প্রদান কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত মর্মে গণ্য হবে।

১০। সিএনজি/পিকআপ স্ট্যান্ড ইজারার টাকা সরকারের দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১১। দরপত্রের প্রতি পৃষ্ঠায় দরদাতার স্বাক্ষর থাকতে হবে। কোনরকম ঘষামাজা, কাটাকাটি বা লেখার উপর লেখা থাকলে দরপত্র বাতিল করা যাবে।

১২। সর্বোচ্চ দরপত্র ০২টি সমান মূল্য উভয়ই সঠিক হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই সঠিক মর্মে গণ্য হবে।

১৩। ইজারাদার কোনক্রমেই ইজারাপ্রাপ্ত স্ট্যান্ড অন্যের নিকট ইজারা বন্দোবস্ত (সাব-লীজ) দিতে পারবেন না।

১৪। ইজারা গ্রহীতা নিজ খরচে চুক্তিনামা সম্পাদন করতে হবে এবং ইজারা দখল বুঝে নেয়ার পূর্বে ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে কর্তৃপক্ষের সহিত চুক্তিপত্রে আবদ্ধ হতে হবে। অন্যথায় ইজারার কার্যাদেশ বাতিলপূর্বক পুনরায় দরপত্র আহবান করা হবে।

১৪। ইজারা বিজ্ঞপ্তিতে বর্ণিত স্ট্যান্ডসমূহে যাত্রী উঠানামাকারী সিএনজি ব্যতীত অন্য কোন সিএনজি হতে টোল আদায় করা যাবে না। এর ব্যাতিক্রম হলে কর্তৃপক্ষ ইজারা বাতিলসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬। ইজারাদার ইজারা সম্পর্কিত সকল সরকারী নিয়ম কানুন পালন করতে বাধ্য থাকবেন এবং সময় সময় সরকার কর্তৃক জারীকৃত সকল আইন মানিয়া চলতে বাধ্য থাকবেন।

১৭। ইজারাদার কর্তৃক স্ব স্ব ইজারা স্ট্যান্ডে কমপক্ষে ০২ (দুই) জন স্বেচ্ছাসেবক লোক নিয়োগ প্রদান করতে হবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৯। শর্তাবলীতে উল্লেখ নাই এ ধরনের সমস্যার সৃষ্টি হলে কর্তৃপক্ষ প্রয়োজনীয় বিধিমোতাবেক সিদ্ধান্ত গ্রহণ করবেন।

০৫/০২/২৩

সাহিদা আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
বুড়িচং, কুমিল্লা।

CamScanner

স্মারক নম্বরঃ ০৫.৪২.১৯১৮.০০০.৩১.০০৫.২৩- ৯০৫ তারিখঃ ০৫.০২.২০২৩ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১. জেলাপ্রশাসক, কুমিল্লা।
২. পুলিশ সুপার, কুমিল্লা।
৩. সিভিল সার্জন, কুমিল্লা।
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন, কুমিল্লা।
৫. উপপরিচালক, স্থানীয় সরকার, জেলাপ্রশাসকের কার্যালয়, কুমিল্লা।
৬. সহকারী কমিশনার (স্থানীয় সরকার), জেলাপ্রশাসকের কার্যালয়, কুমিল্লা।
৭. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বুড়িচং, কুমিল্লা।
৮. সহকারী কমিশনার (ভূমি), বুড়িচং, কুমিল্লা।
৯. অফিসার ইনচার্জ, বুড়িচং থানা, কুমিল্লা। সংশ্লিষ্ট তারিখ ও সময়সূচী অনুযায়ী দরপত্র দাখিল, খোলা ও বাছাইকালে নিরাপত্তা বিধানে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েন করার জন্য অনুরোধ করা হলো।
১০. উপজেলা...........................................অফিসার (সকল), বুড়িচং, কুমিল্লা।
১১. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, বুড়িচং, কুমিল্লা।
১২. চেয়ারম্যান..........................................ইউনিয়ন পরিষদ (সকল), বুড়িচং, কুমিল্লা। বহুল প্রচারের ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হলো।
১৩. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ..............................ইউনিয়ন ভূমি অফিস (সকল), বুড়িচং, কুমিল্লা। বিজ্ঞপ্তিটি স্থানীয়ভাবে এলাকায় মাইক, ঢোল-সহরতের মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।
১৪. সভাপতি/সম্পাদক/ইজারাদার...................................হাট-বাজার (সকল), বুড়িচং, কুমিল্লা।
১৫. জনাব...................................................................বুড়িচং, কুমিল্লা।
১৬. বিজ্ঞাপন ম্যানেজার....................................পত্রিকা, কুমিল্লা। বিজ্ঞপ্তিটি তার পত্রিকায় ভিতরের পাতায় ০৩(তিন) কলামে ১০(দশ) ইঞ্চি লম্বা সাইজে শুধুমাত্র ০১ (এক) দিন প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৭. ..........................................................................
১৮. অফিস কপি/নোটিশ বোর্ড।

05/02/2023

উপজেলা নির্বাহী অফিসার
বুড়িচং, কুমিল্লা।

CamScanner